



# বাংলাদেশ নির্বাচন কমিশন

উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়

গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ

স্মারক নং-১৭.১১.৩৫৩২.০০০.৫০.০০১.২৫/৩৪৬

তারিখঃ ২৫/০৮/২০২৫ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অহহিত করা যাচ্ছে যে, “বাংলাদেশ বেকার মুক্তি পরিষদ” নামীয় রাজনৈতিক দলের নিবন্ধনের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশনে আবেদন দাখিল করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৯০খ(১)(ক)(ই) এবং রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮ এর বিধি ৬ এর উপবিধি (ঞ)(ই) মোতাবেক উপজেলা পর্যায়ে দলের অস্তিত্ব ও কার্যকারিতা যাচাইয়ের জন্য তদন্ত প্রয়োজন। এমতাবস্থায়, “বাংলাদেশ বেকার মুক্তি পরিষদ” এর গোপালগঞ্জ জেলার প্রতিনিধিগণকে আগামী ২৬/০৮/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নিম্নবর্ণিত দলিলাদি নিয়ে উপস্থিত হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

### প্রয়োজনীয় দলিলাদির তালিকা

- (১) গোপালগঞ্জ সদর উপজেলা অফিসের সুস্পষ্ট ঠিকানা।
- (২) ভাড়ার বৈধ চুক্তিপত্রের মূলকপি (ফেরত যোগ্য)।
- (৩) উপজেলা কমিটির সদস্যগণের এনআইডি নম্বর ও মোবাইল নম্বর।
- (৪) ২০০ (দুইশত) জন সমর্থনকারী ভোটারের এনআইডি ও মোবাইল নম্বর সহ স্বাক্ষর সম্বলিত তালিকা।
- (৫) ২০০ (দুইশত) জন সমর্থনকারী ভোটারের দলে যোগদান ফর্মের মূলকপি (ফেরতযোগ্য) ও ফটোকপি।
- (৬) ২০০ (দুইশত) জন সমর্থনকারী ভোটারের দলে যোগদান সম্পর্কিত সম্মতিপত্র (ফেরতযোগ্য) ও ফটোকপি।

(অনিমেষ কুমার বসু)

উপজেলা নির্বাচন অফিসার  
গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।

স্মারক নং-১৭.১১.৩৫৩২.০০০.৫০.০০১.২৫/৩৪৫

তারিখঃ ২৫/০৮/২০২৫ খ্রিঃ

### সদয় জ্ঞাতার্থেঃ

- (১) সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- (২) উপসচিব (নিঃসঃওসঃ), নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- (৩) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
- (৪) জেলা নির্বাচন কর্মকর্তা, গোপালগঞ্জ।
- (৫) প্রেস ক্লাব, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।
- (৬) নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
- (৭) ওয়েবসাইট, অত্র দপ্তর (<http://ec.sadar.gopalganj.gov.bd/>)
- (৮) অফিস ফাইল, অত্র দপ্তর।

উপজেলা নির্বাচন অফিসার  
গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।